চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
ডেপুটি ট্রাফিক ম্যানেজার এর দপ্তর
আইসিডি, কমলাপুর, ঢাকা

ইমেইল ঃ dtmicd1200@gmail.com
ওয়েবঃ www.cpa.gov.bd

বিজ্ঞপ্তি নং-০১/২০২৩

তারিখঃ ২৭-০৪-২০২৩ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, এ্যাপ্রেইজ এর সময় জেটি সরকারগণ পোর্ট রিলিজ অর্ডার (প্যাকিং লিস্ট সহ) এ্যাপ্রেইজমেন্ট শাখায় দাখিল করেন না। এতে রিলিজ অর্ডারের নির্দিষ্ট কলামে এ্যাপ্রেইজমেন্ট শাখা কর্তৃক সঠিকভাবে সার্টিফাই সম্পন্ন হয় না। পরবর্তীতে ডেলিভারী ডকুমেন্ট ভেরিফাই এর সময় এ নিয়ে জটিলতা সৃষ্টি হয়।

১. নিরাপত্তার স্বার্থে এখন থেকে এ্যাপ্রেইজ করার নিমিত্ত কন্টেইনারের সিল ভাঙ্গার পূর্বেই পোর্ট রিলিজ অর্ডার (প্যাকিং লিস্ট সহ) এ্যাপ্রেইজমেন্ট শাখায় দাখিল করতে হবে, যাতে রিলিজ অর্ডারের নির্দিষ্ট কলামে হোয়েস্টিং চার্জ ও রিপেয়ারিং চার্জ আদায়যোগ্যতার বিষয়ে সুস্পষ্ট মন্তব্য প্রদান করা যায়;

২. এ্যাপ্রেইজ চলাকালে পরীক্ষণের প্রয়োজনে নমুনা উত্তোলন করতে হলে কার্টটিকেটে রেকর্ডভূক্ত করে সংশ্লিষ্টদের স্বাক্ষর গ্রহণপূর্বক নমুনা উত্তোলন করতে হবে এবং এ্যাপ্রেইজমেন্ট শাখা রিলিজ অর্ডারের নির্দিষ্ট কলামে তা তাৎক্ষণিকভাবে রেকর্ডভূক্ত করবে;

৩. পণ্য-পরীক্ষণ কার্যক্রম শেষে মালামাল কন্টেইনারে পুণঃভরণের পর শুল্ক কর্মকর্তার উপস্থিতিতে বুলেট সিলকরণ সম্পন্ন হলে সংশ্লিস্ট শুল্ক কর্মকর্তার নাম ও বুলেট সিল নম্বর তাৎক্ষণিকভাবে রিলিজ অর্ডারের নির্দিষ্ট কলামে লিপিবদ্ধ করতে হবে;

কেবলমাত্র বৈধ জেটি সরকারই এ্যাপ্রেইজ কার্যক্রমে স্বশরীরে উপস্থিত থেকে সঠিক তথ্য ও দলিলের উপর নির্ভর করে উপরিউক্ত কার্যক্রম সম্পন্ন করবে। পণ্য-পরীক্ষণ কার্যক্রম চলাকালে নিবন্ধিত শ্রমিক ব্যতীত বহিরাগত কোন ব্যক্তির এ্যাপ্রেইজ পয়েন্টে উপস্থিতি কাম্য নয়।

নিরাপত্তার স্বার্থে সংশ্লিষ্ট সকল পক্ষের সহযোগিতা একান্তভাবে কাম্য। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আহমেদুল করিম চৌধুরী)
ডেপুটি ট্রাফিক ম্যানেজার
আইসিডি, কমলাপুর, ঢাকা

নথি নং-ডিটিএম/আইসিডি/ঢাকা/নোটিশ/৫১/৯৬(অংশ-১)/২৪৪

তারিখ: ২৭-০৪-২০২৩ইং

বিতরণঃ- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা ।
২. পরিচালক (ট্রাফিক) চবক, চট্টগ্রাম।
৩. পরিচালক (নিরাপত্তা) চবক, চট্টগ্রাম।
৪. পি এ টু চেয়ারম্যান। চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫. টার্মিনাল সুপারিনটেন্ডেন্ট, সাইফ পাওয়ারটেক লিঃ, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৬. নিরাপত্তা কর্মকর্তা, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৭. পরিবহন পরিদর্শক, আইসিডি, কমলাপুর, ঢাকা।
৮. ইনচার্জ এ্যাপ্রেইজ শাখা, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলী রোড, ঢাকা।
১০. সভাপতি/সাধারণ সম্পাদক, আইসিডি শ্রমিক ইউনিয়ন (সিবিএ), আইসিডি, কমলাপুর, ঢাকা।

২৭/০৪/২০২৩

(আহমেদুল করিম চৌধুরী)
ডেপুটি ট্রাফিক ম্যানেজার
আইসিডি, কমলাপুর, ঢাকা